


ভোনের কাগজ



শিক্ষার গুণগত মানোন্নয়নে

শিক্ষক প্রশিক্ষণের ওপর

গুরুত্বারোপ করেছেন শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক শিক্ষার গুণগত মানোন্নয়নে অধিকহারে শিক্ষক প্রশিক্ষণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। শিক্ষামন্ত্রী গত মঙ্গলবার গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত মাসব্যাপী শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মোমিন চৌধুরী বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষাকে যুগোপযোগী করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, সরকারের এ কর্মসূচি সফল করতে শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

মন্ত্রী বলেন, শিক্ষকগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে তাদের জ্ঞান হালনাগাদ করতে পারেন। তিনি বলেন, জ্ঞান যেমন স্থবির নয়, তেমনি প্রশিক্ষণও স্থবির থাকতে পারে না। তথা বিবরণী।